# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৪

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সেসব প্রাণীরা কিয়ামতের দিন তাদের মালিককে পদদলিত করবে, মালিক যাদের আল্লাহর হক আদায় করেনি

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصَفِ الَّذِي تَطَأُ بِهِ ذَوَاتُ الْأَرْوَاحِ أَرْبَابَهَا فِي الْقِيَامَةِ إِذَا لَمْ يَخْرُجْ حَقَّ اللَّهِ مِنْهَا

---

আরবী

3244 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْمَدِينِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ قَالَ: حَدَّثَنَا ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
(مَا مِنْ صَاحِبِ إِبِلٍ لَا يَفْعَلُ فِيهَا خَيْرًا إِلَّا جَاءَتْ يَوْمَ الْقِيَامَةِ أَكْثَرَ مَا كَانَتْ وأُقعد لَهَا بِقَاعٍ قَرْقَرٍ تَسْتَنُّ عَلَيْهِ بِقَوَائِمِهَا وَأَخْفَافِهَا وَلَا صَاحِبِ بَقَرٍ إِلَّا جَاءَتْ يَوْمَ الْقِيَامَةِ أَكْثَرَ مَا كَانَتْ وأُقعد لَهَا بِقَاعٍ قَرْقَرٍ تَنْطَحُهُ بِقُرُونِهَا وَتَطَؤُهُ بِأَظْلَافِهَا لَيْسَ فِيهَا جَمَّاءُ وَلَا مُكَسَّرٌ قَرْنُهَا. وَلَا صَاحِبِ كَنْزٍ لَا يَفْعَلُ فِيهِ حَقَّهُ إِلَّا جَاءَ كَنْزُهُ يَوْمَ الْقِيَامَةِ شُجَاعًا أَقْرَعَ يَتْبَعُهُ فَاغِرًا فَاهُ فَإِذَا أَتَاهُ فَرَّ مِنْهُ فَيُنَادِيهِ رَبُّهُ: كَنْزُكَ الَّذِي خَبَّأْتَهُ فإذا رأى أن لا بد لَهُ مِنْهُ سَلَكَ يَدَهُ فِي فِيهِ فَيَقْضَمُهَا قضم الفحل)
الراوي : جَابِرِ بْنَ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3244 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (558): م.

বাংলা

৩২৪৪. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যদি কোন উটের মালিক তার উটের ক্ষেত্রে ভালো কিছু না করে, তবে সেগুলো কিয়ামতের দিন অধিক

সংখ্যায় আবির্ভুত হবে। সেগুলোর জন্য বালুময় উন্মুক্ত ময়দান স্থাপন করা হবে। সেগুলো তাকে তাদের পা ও পায়ের খুর দ্বারা আঘাত করবে।

যদি কোন গরুর মালিক (তার গরুর ক্ষেত্রে ভালো কিছু না করে), তবে সেগুলো কিয়ামতের দিন অধিক সংখ্যায় আবির্ভুত হবে। সেগুলোর জন্য বালুময় উন্মুক্ত ময়দান স্থাপন করা হবে। সেগুলো তাকে তাদের পায়ের খুর দ্বারা আঘাত করবে এবং শিং দ্বারা আঘাত করবে। সেগুলোর মাঝে কোন শিং ভাঙ্গা বা শিংবিহীন গরু থাকবে না।

যদি কোন গুপ্তধনের মালিক, তাদের সম্পদের হক আদায় না করে, তবে সেগুলো কিয়ামতের দিন টাকবিশিষ্ট সাপে পরিণত হবে। সেগুলো মুখ হা করে তার পিছু ধাওয়া করবে। যখন সেটা তার কাছে আসবে, তখন সে পলায়ন করবে। সেসময় তার প্রভু ডাক দিবে, “এটা তোমার গুপ্তধন, যা তুমি লুকিয়ে রেখেছিলে।” অতঃপর যখন সে দেখবে যে, সে অবশ্যই তাকে ধরে ফেলবে, তখন সে তার হাত সাপের মুখে দিবে। অতঃপর সাপ হাত কামড়াবে, যেভাবে পুরুষ উট কামড় দেয়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৮৫৯; দারেমী: ১/৩৮০; সহীহ মুসলিম: ৯৮৮; ইবনুল জারুদ: ৩৩৫; সুনান বাইহাকী: ৪/১৮৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১৩; নাসাঈ: ৫/২৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৫৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92575

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন